ভেদরগঞ্জ উপজেলা পরিষদ
শরীয়তপুর।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম-শহরের উন্নতি

৫ম উপজেলা পরিষদের ২৬ তম সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি	: মোঃ হুমায়ুন কবির চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
সভার তারিখ	: ২৯ আগস্ট ২০২১
সময়	: বেলা ১২.০০ টা
সভার স্থান	: শহিদ আক্কাচ-শহিদ মহিউদ্দিন সম্মেলন কক্ষ, ভেদরগঞ্জ, শরীয়তপুর।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল :-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধন না থাকায় কার্যবিবরণী গৃহীত ও অনুমোদিত হয়। সভায় বিভাগ ও বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের অভ্যন্তরীণ ও বহি:বিভাগ এর সেবা কার্যক্রম চলমান রয়েছে। করোনা ভাইরাসে আক্রান্তের হার কিছু হলেও হ্রাস পাচ্ছে। অপর পক্ষে করোনা টিকা গ্রহণের জন্য ব্যাপকভাবে প্রচারনা চালানো হচ্ছে। করোনা প্রতিরোধে এবং টিকা প্রদানে সকলের সহযোগিতা কামনা করা হয়। যারা করোনা টিকা গ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেছেন, তাদেরকে এসএমএস পাওয়ার পর টিকা গ্রহণে আসার জন্য অনুরোধ করা হয়।

০২। **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(ভা:) সভায় জানান যে, ইউনিয়ন পরিবার কল্যান কেন্দ্রগুলো চেয়ারম্যান ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ তদরকী করেন তাহলে তার সেবার মান বৃদ্ধি পাবে।

০৩। **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্ষা মৌসুমের অন্যতম শস্য হলো আউশ ধান ও পাট। এ শস্যের প্রায় ৮০% কর্তন করা হয়েছে। চাহিদার তুলনা উৎপাদন ভাল।

০৪। **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গবাদি পুশ ও হাসমুরগীর টিকা প্রদান, চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন সুবিধা নিয়মিতভাবে দেয়া হচ্ছে। এছাড়াও কোন খামারী প্রশিক্ষণ গ্রহণ করতে চাইলে প্রাণি সম্পদ বিভাগ তার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে।

সিদ্ধান্ত	: সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে	: উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা।

০৫। **মৎস্য বিভাগ:** উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জেলেদের তথ্য হালনাগাদ করা হচ্ছে, সঠিক তালিকা প্রস্তুতে সহযোগিতার জন্য চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। বিকল্প কর্মসংস্থানের জন্য ১০ জনকে ২,৫০,০০০/- টাকা ঋণ প্রদান করা হবে। যে সকল ইউনিয়নে জেলেদের সংখ্যা বেশি তাদেরকে ০২জন করে তালিকা দেয়ার জন্য অনুরোধ করা হয়।

০৬। **উপজেলা প্রকৌশল অফিস:** উপজেলা প্রকৌশলী সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।

০৭। **প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে প্রতিষ্ঠান খোলা হয়েছে। বিদ্যালয়ে প্রধান শিক্ষকদের উপস্থিতি ও বাড়ির কাজ নিশ্চিত করা হয়েছে। বিদ্যালয় ও তার আঙ্গিনা পরিস্কার-পরিচ্ছন্ন কাজ সম্পন্ন করা হয়েছে। নতুন কোন নির্দেশনা আসলে যথাযথভাবে পালন করা হবে।

০৮। **মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল শিক্ষককে করোনা টিকা গ্রহণ করতে হবে। ইতোমধ্যে টিকা গ্রহণ প্রায় ৭৫% সম্পন্ন হয়েছে। পরীক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। অগ্রগতি প্রায় ৯২%। লকডাউনের কারণে অফিসিয়াল কার্যক্রম ও স্কুল-কলেজ বন্ধ রয়েছে তবে অনলাইন ক্লাস চলমান আছে। শিক্ষা বোর্ড হতে প্রদত্ত এ্যাসাইনমেন্ট বিতরণ ও সম্পাদন কার্যক্রম চলমান রয়েছে।

০৯। **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলছে। ব্যাংক এর পরিবর্তে মোবাইলের মাধ্যমে বিকাশ ও নগদ একাউন্ট এর মাধ্যমে ভাতা বিতরণ করা হচ্ছে। বিষয়টি নতুন হওয়ায় কোথাও কোথাও কিছু কিছু সমস্যা হচ্ছে। আমাদের সাথে যোগাযোগ করা হলে সমস্যার সমাধানের চেষ্টা করা হবে। ২০২০-২১ অর্থ বছরে ২১জন বিভিন্ন ধরনের রোগীকে ৫০,০০০/- টাকা করে আর্থিক সাহায্য দেয়া হয়েছে। এছাড়াও নদী ভাঙ্গা মানুষের জন্য আর্থিক সাহায্য চাওয়া হয়েছে। বরাদ্দ পাওয়া সাপেক্ষে আবেদন গ্রহণ ও যাচাই-বাছাই অন্তে সাহায্য প্রদান করা হবে।

১০। **উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম করোনা ভাইরাসের কারণে সঠিকভাবে করা যাচ্ছে না। তারপরও মাননীয় প্রধানমন্ত্রী ১,৭১,৫০,০০০/- টাকা ক্ষুদ্র ঋণ দেয়ার জন্য বরাদ্দ দিয়েছেন। এ জন্য মহোদয়কে ধন্যবাদ।

১১। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরের টিআর, কাবিখা, কাবিটার বরাদ্দ দিয়ে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শেষ হয়েছে। মুজিব বর্ষ উপলক্ষে গৃহহীনদের ঘর নির্মাণ ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে কোন বরাদ্দ পাওয়া যায়নি।

১২। **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে দরপত্র আহবানকৃত গভীর নলকূপ স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে নতুনভাবে কোন বরাদ্দ পাওয়া যায়নি।

১৩। **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, করোনা ভাইরাসের কারণে তার বিভাগের যুব ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে সমস্যা হচ্ছে। প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ ছিল। আবার প্রশিক্ষণ কাযক্রম চালু হবে।

১৪। **উপজেলা সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২১ অর্থ বছরে ৬০জনকে কর্মসংস্থান করা হয়েছে। অডিট ফি শতভাগ আদায় করা হয়েছে।

১৫। **উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি উপকারভোগীদের প্রতিমাসে ২০০/- টাকা করে সঞ্চয় দিতে হয়। যা আগে এনজিও গুলো সংগ্রহ ও জমা রাখত। এখন থেকে আর এনজিওদের নিকট জমা দিতে হবেনা। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ আদায় করে নির্ধারিত হিসাবে জমা রাখবেন। পরবর্তীতে লাভসহ ফেরত প্রদান করা হবে। বিভিন্ন সময়ে প্রশিক্ষণ হয় তাতে সখিপুর অঞ্চল হতে আশানুরূপ প্রশিক্ষণার্থী পাওয়া যায়না। প্রশিক্ষণার্থী প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো।

১৬। **বন বিভাগ :** উপজেলা ফরেস্টার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা।

১৭। **আমার বাড়ি আমার খামার :** তার বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে চলছে। অধিদপ্তর হতে একটি অক্সিজেন সিলিন্ডার পাওয়া গেছে। যা আজ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হস্তান্তর করা হবে।

১৮। **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম। করোনা ভাইরাসের কারণে আদায়ের হার তুলনামূলকভাবে কম।

১৯। **পল্লী বিদ্যুৎ সমিতি :** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, সাব জোনাল অফিস, ভেদরগঞ্জ সভায় জানান যে, ভেদরগঞ্জ উপজেলায় পল্লী বিদ্যুৎ এর কার্যক্রম সম্পাদনের নিমিত্ত অফিস নেয়া হয়েছে। এখন পর্যন্ত আসবাবপত্র আসেনি। আশা করা যায় দ্রুত আসবাবপত্র চলে আসবে। ভেদরগঞ্জ সাব জোনাল অফিসের কার্যক্রম শুরু করা গেলে গ্রাহকদের ভোগান্তি কিছুটা হ্রাস পাবে বলে আশা করছি।

২০। **তথ্য আপা :** তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা ভাইরাসের কারণে সেবা গ্রহিতার হার কম।

বিবিধ আলোচনা:

০১। অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন অনুদান প্রদান সংক্রান্ত:

উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পুন:বাসন ও বেওয়ারিশ লাশ দাফন এর আওতায় প্রাপ্ত আবেদনের বিষয়ে আলোচনা করা হয়। নিম্নে উল্লিখিত আবেদনকারীদের আবেদনগুলো বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নরূপ হারে আর্থিক অনুদান অনুমোদন করা হয়।

ক্রমিক নং	আবেদনকারীর নাম ও ঠিকানা	যে কারণে আর্থিক অনুদান চাওয়া হয়েছে	টাকার পরিমাণ
০১	দিলীপ সিকদার, পিতা: সম্ভুনাথ সিকদার, গ্রাম: আটেরপাড়া, ছয়গাঁও ইউনিয়ন।	সড়ক দুর্ঘটনায় পা ভেঙ্গে যাওয়ায় আর্থিক অনুদান	=৫,০০০/-

০২। প্রকল্প সংক্রান্ত:

ক। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের গেজেটেড সৈকত ভবনের ০২নং কোয়ার্টার রংকরণ, টাইলস ফিটিং, প্লাস্টার করন ও দরজা জানালা মেরামত করা প্রয়োজন। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত কোয়ার্টার রংকরণ, টাইলস ফিটিং, প্লাস্টার করন ও দরজা জানালা মেরামত এর কাজ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়।

প্রকল্পের নাম: উপজেলা পরিষদের গেজেটেড সৈকত ভবনের ০২নং কোয়ার্টার রং করণ, টাইলস ফিটিং, প্লাস্টার করন ও দরজা জানালা মেরামত।

প্রকল্প বাস্তবায়ন কমিটি: বরাদ্দ-২,০০,০০০/ -(উপজেলা রাজস্ব তহবিল)

ক্রমিক নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী
০১	মো: কামাল হোসেন	ইউপি সদস্য, নারায়নপুর	সভাপতি
০২	মো: মনিরুজ্জামান	উপসহকারী প্রকৌশলী, এলজিডি	সদস্য
০৩	মো: জসিম উদ্দিন	গন্যমান্য	সদস্য
০৪	মো: মোবারক হোসেন	গন্যমান্য	সদস্য
০৫	মো: হারেজ আলী	গন্যমান্য	সদস্য
০৬	মো: মোশাররফ হোসেন	গন্যমান্য	সদস্য
০৭	মো: আসকার আলী,	সমাজসেবী	সদস্য

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।

খ। চেয়ারম্যান চরসেন্সাস ইউপি সভায় জানান যে, চরসেন্সাস ইউনিয়নের ০৩নং ওয়ার্ডে বালারবাজার পুরাতন মাছ বাজার হইতে সোহাগ পাটোয়ারি দোকান পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন করা জরুরী ভিত্তিতে প্রয়োজন। সভায় বিস্তারিত এই বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত প্রকল্পের কাজ উপজেলা উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রকল্পের নাম: চরসেন্সাস ইউনিয়নের ০৩নং ওয়ার্ডে বালারবাজার পুরাতন মাছ বাজার হইতে সোহাগ পাটোয়ারি দোকান পর্যন্ত রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন।

প্রকল্প বাস্তবায়ন কমিটি: বরাদ্দ-২,০০,০০০/ -(উপজেলা উন্নয়ন তহবিল)

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পরিচিতি	পদবী
০১	মো: জিতু মিয়া বেপারী	ইউপি চেয়ারম্যান, চরসেনসাস ইউপি	সভাপতি
০২	আমেনা বেগম	ইউপি সদস্য, চরসেনসাস ইউপি	সদস্য
০৩	মনির দর্জি	ইউপি সদস্য, চরসেনসাস ইউপি	সদস্য
০৪	ফাহমিদ বালা	গন্যমান্য	সদস্য
০৫	ফিরোজ মাদবর	গন্যমান্য	সদস্য
০৬	বোরহান মুন্সি	গন্যমান্য	সদস্য
০৭	জায়েদা বেগম	ইউপি সদস্য, চরসেনসাস ইউপি	সদস্য

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।

গ। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের পানির মূল পাম্পে দীর্ঘদিনের সমস্যা রয়েছে যার কারনে কোয়ার্টারে বসবাসরত কর্মকর্তা ও কর্মচারীদের পানির অনেক সমস্যা হয়। সমস্যা সমাধানের লক্ষে প্রত্যেক কোয়াটারে সামনে গভীর নলকূপ স্থাপন ও মটর স্থাপনের মাধ্যমে সমস্যা সমাধান করা যেতে পারে। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বাসাবাড়ি রক্ষনাবেক্ষন খাত হতে ধানসিড়ি ও শাপলা কোয়ার্টারের পানির লাইনের জন্য ০২টি গভীর নলকূপ স্থাপন ও মটর লাইন স্থাপন করার সিদ্ধান্ত হয়।

প্রকল্পের নাম: উপজেলা পরিষদের ধানসিড়ি ও শাপলা কোয়ার্টারের পানির লাইনের জন্য ০২টি গভীর নলকূপ স্থাপন ও নতুন মটর স্থাপন।

বরাদ্দ-২,০০,০০০/ -(উপজেলা রাজস্ব তহবিল, বাসাবাড়ী রক্ষাবেক্ষন খাত)

প্রকল্প বাস্তবায়ন কমিটি:

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পরিচিতি	পদবী
০১	আকলিমা বেগম লিপি	মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি
০২	মো: সুমন	নলকুপ মেকানিক, জঃ প্রকৌঃ অঃ	সদস্য
০৩	মোঃ রতন হাওলাদার	সমাজসেবক	সদস্য
০৪	মোঃ রাকিব হাসান	গন্যমান্য	সদস্য
০৫	সেকান্দর মিঝি	সমাজসেবক	সদস্য
০৬	সেলিম মাস্টার	শিক্ষক	সদস্য
০৭	হাসান দেওয়ান	গন্যমান্য	সদস্য

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।

ঘ। **প্রকল্পের নাম: উপজেলা পরিষদের বনলতা ও রজনীগন্ধা কোয়ার্টারের পানির লাইনের জন্য ০২টি গভীর নলকুপ স্থাপন ও মটর স্থাপন।**

বরাদ্দ-২,০০,০০০/ -(উপজেলা রাজস্ব তহবিল, বাসাবাড়ী রক্ষাবেক্ষন খাত)

প্রকল্প বাস্তবায়ন কমিটি:

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পরিচিতি	পদবী
০১	নাছিমা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য	সভাপতি
০২	মো: সুমন	নলকুপ মেকানিক, জঃ প্রকৌঃ অঃ	সদস্য
০৩	মোঃ রতন হাওলাদার	সমাজসেবক	সদস্য
০৪	মোঃ রাকিব হাসান	গন্যমান্য	সদস্য
০৫	সেকান্দর মিঝি	সমাজসেবক	সদস্য
০৬	সেলিম মাস্টার	শিক্ষক	সদস্য
০৭	হাসান দেওয়ান	গন্যমান্য	সদস্য

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।

ঙ। মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, ভেদরগঞ্জ উপজেলার সখিপুর ও ডিএমখালি ইউনিয়নের কাশেমপুর যাওয়ার রাস্তায় ভারি যানবাহন চলাচলে প্রতিবন্ধকরা তৈরী দরকার। প্রতিবন্ধকতা তৈরি করা না হলে অভ্যন্তরীণ রাস্তাগুলো দ্রুত নষ্ট হয়ে যাবে এবং চলাচলে মারাত্ম বিঘ্ন সৃষ্টি হবে। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত রাস্তায় ভারি যানবাহন চলাচলে প্রতিবন্ধকতার জন্য বারপোষ্ট তৈরি এবং উক্ত প্রকল্প প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়।

প্রকল্পের নাম: সখিপুর ও ডিএমখালি ইউনিয়নের কাশেমপুর যাওয়ার রাস্তায় ভারি যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা তৈরীর জন্য বার পোষ্ট তৈরী।

বরাদ্দ-২,০০,০০০/ - টাকা।

প্রকল্প বাস্তবায়ন কমিটি:

ক্রমিক নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী
০১	আ: মান্নান বেপারী	ভাইস চেয়ারম্যান	সভাপতি
০২	মো: সেলিম বেপারী	গন্যমান্য	সদস্য
০৩	মো: রতন হাওলাদার	গন্যমান্য	সদস্য
০৪	মো: আজিজ হাওলাদার	গন্যমান্য	সদস্য
০৫	মো: আলী আকবর খান	গন্যমান্য	সদস্য
০৬	মো: মানিক দেওয়ান	গন্যমান্য	সদস্য
০৭	মো: হালিম	গন্যমান্য	সদস্য

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

চ। চরকুমারীয়া ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, চরকুমারীয়া ইউনিয়নের ০৪নং ওয়ার্ডে পাকা রাস্তা হইতে আফজাল মাঝির বাড়ী যাওয়ায় রাস্তায় আরসিসিকরন করা প্রয়োজন। রাস্তাটি আরসিসি দ্বারা উন্নয়ন করার জন্য সভায় অনুরোধ করেন। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত রাস্তাটি প্রকল্প প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়।

প্রকল্পের নামঃ চরকুমারীয়া ইউনিয়নের ০৪নং ওয়ার্ডে পাকা রাস্তা হইতে আফজাল মাঝির বাড়ীর রাস্তায় আরসিসিকরন।

বরাদ্দ-২,০০,০০০/ - টাকা।

প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

ক্রমিক নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী
০১	মোঃ মোজাম্মেল হক	ইউপি চেয়ারম্যান	সভাপতি
০২	মোঃ আলতাব উকিল	ইউপি সদস্য	সদস্য
০৩	নুর মোহাম্মদ মাঝি	সমাজসেবক	সদস্য
০৪	মোঃ রুহুল আমিন দেওয়ান	গন্যমান্য	সদস্য
০৫	মোঃ আমির হোসেন সিকদার	গন্যমান্য	সদস্য
০৬	মোঃ মোয়াজ্জেম মাঝি	গন্যমান্য	সদস্য
০৭	মোঃ আফজাল মাঝি	গন্যমান্য	সদস্য

উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করবেন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি করবেন। উক্ত ব্যয় উপজেলা উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

চেয়ারম্যান, আরশিনগর ইউপি, সভায় জানান যে, ঠিকাদারগণ বিভিন্ন বাড়িতে গভীর নলকূপ স্থাপন করতে যায় এবং তারা বাড়িওয়ালাদের নিকট তথ্য গোপন করে ৭৫০ ফুট এর স্থলে ৬০০ফিট স্থাপনের কথা বলে। স্থাপনের সময় আরো কম স্থাপন করে এবং বাড়িওয়ালাদেরকে টাকা প্রদানের জন্য চাপ প্রয়োগ করে। বিষয়টি তদন্ত করে দেখার জন্য সভায় উপস্থাপন করা হয়।

তিনি আরো জানান যে, তার ইউনিয়নের ০৩নং ওয়ার্ডে দারোগা বাড়ি জামে মসজিদ সংলগ্ন খালের উপর নির্মিত প্রায় ২০ বছর আগের ব্রীজটি অকেজো হয়ে গেছে। ব্রীজটি ভাঙ্গা দরকার। ভাঙ্গা না হলে যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। তাই ব্রীজটি অকেজো ঘোষণা করে নিলামে বিক্রির ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশলী বিষয় ০২টি তদন্ত করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

চেয়ারম্যান, ডিএমখালি সভায় জানান যে, তার ইউনিয়নের ০২নং ওয়ার্ডের পাকার রাস্তাটি চলাচলের অনুপযোগী হয়ে গেছে। মেরামতের ব্যবস্থা করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ এ বিষয়ে মাননীয় উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয়ের সাথে যোগাযোগ করতে হবে।

চেয়ারম্যান, মহিষার ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের কিছু রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে গেছে। জরুরী ভিত্তিতে মরামত করা দরকার।কোন কোন জেলে এত ছোট ফাকের জাল পাতে যার মধ্য দিয়ে কোন প্রকার মাছ বের হতে পারেনা। এই জাল বন্ধ করা না হলে মাছের বীজ নষ্ট হয়ে যাবে এবং মাছের বিলুপ্তি ঘটবে।

সিদ্ধান্তঃ রাস্তার বিষয়ে মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর -০৩ মহোদয়ের সাথে যোগাযোগ করতে হবে। উপজেলা মৎস্য কর্মকর্তা জালের বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

জনাব নাহিম রাজ্জাক, মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-০৩, উপজেলা পরিষদ সভায় জুম এ্যাপে যোগদান করেন এবং উপজেলা পরিষদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। উপজেলা পরিষদ সভায় অংশ গ্রহণ করায় মাননীয় সংসদ সদস্যকে উপজেলা পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। মাননীয় সংসদ সদস্য বিভিন্ন গুরুত্বপূর্ণ বাজারে সিসি ক্যামেরা স্থাপনের আশ্বাস প্রদান করেন। তিনি আরো জানান যে, প্রতিটি ইউনিয়নে ৬০টি করে স্ট্রিট লাইট স্থাপন করা হবে। ভেদরগঞ্জ উপজেলার জন্য পঞ্চাশ লক্ষ টাকা বরাদ্দ আনা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে আরো ০১ কোটি টাকা বরাদ্দ আনার আশ্বাস প্রদান করেন। তিনি আগামী সভায় উপস্থিত থাকার আশাবাদ ব্যক্ত করেন এবং প্রতিটি দপ্তরের সমস্যা ও সম্ভাবনার বিষয়গুলো আগামী সভার ১০দিন পূর্বে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।

জনাব এ কে এম এনামুল হক শামীম, মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-০২ ও মাননীয় উপমন্ত্রী, পানিসম্পদ মন্ত্রণালয় উপজেলা পরিষদ সভায় জুম এ্যাপে যোগদান করেন এবং উপজেলা পরিষদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। তিনি জানান যে, ভেদরগঞ্জ উপজেলা দুটি সংসদীয় আসনে বিভক্ত। তাঁরা দু'জনই ভেদরগঞ্জ উপজেলার উন্নয়নে আন্তরিকভাবে চেষ্টা করে যাচ্ছেন। দু'একটি দপ্তর বাদে অন্যান্য দপ্তর হতে যোগাযোগ রক্ষা করা হয়না বিধায় তাদের উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে অবহিত হওয়া বা সহযোগিতা করা সম্ভব হয়না। যে কোন দপ্তর এর সমস্যা-সম্ভাবনা নিয়ে যোগাযোগ করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরো জানান যে, উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নে কাজের মান বজায় রাখতে আন্তরিকভাবে কাজ করতে হবে। সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

HS.

০৪। **বিভিন্ন ব্যয় অনুমোদন:** বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল দ্বারা সম্পাদনের জন্য নিম্নোক্ত ব্যয় অনুমোদন করা হয়।

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ
০১.	উপজেলা পরিষদের আগস্ট/২১ মাসের ইন্টারনেট বিল।	১,০০০/-

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্ত সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

H Kabir
মো: হুমায়ুন কবির
চেয়ারম্যান
ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।

স্মারক নং-০৫.৩০.৮৬১৪.০০০.০৯.০০১.১৭-৫৬৪ তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

০১. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-২ ও মাননীয় উপমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০২. মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ-২২৩, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, সংরক্ষিত আসন ৩৯।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫. জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৬. চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, ভেদরগঞ্জ উপজেলা পরিষদ, শরীয়তপুর।
০৮. মেয়র, ভেদরগঞ্জ পৌরসভা, শরীয়তপুর।
০৯. উপজেলা ---------------------------------- কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১০. চেয়ারম্যান, -- ইউনিয়ন পরিষদ (সকল), ভেদরগঞ্জ, শরীয়তপুর।
১১. জনাব --
১২. অফিস কপি।

৭/৯/২০২১
তানভীর-আল-নাসীফ
উপজেলা নির্বাহী অফিসার
ভেদরগঞ্জ, শরীয়তপুর।